



থ্যেপিয়ান
THESPIAN
An International Refereed journal
ISSN 2321-4805

THESPIAN

MAGAZINE

An International Refereed Journal of Inter-disciplinary
Studies

Santiniketan, West Bengal, India

DAUL A Theatre Group©2013-16

Editor

Bivash Bishnu Chowdhury

Title: Mirabo Setu

Author(s): Guillaum Apollinaire

Translation(s): Jayita Basak

DOI: <https://doi.org/10.63698/thespian.v4.1.VBAG7875>

Published: 23 December 2016

মিরাবো সেতু © 2016 by Jayita Basak is licensed under CC BY-NC 4.0. To view a copy of this license, visit
<https://creativecommons.org/licenses/by-nc/4.0/>

Yr. 4, Issue 7-8, 2016

Autumn Edition
September-October



মিরাবো সেতু

অনুবাদক – জয়িতা বসাক,
পি. এইচ. ডি রিসার্চ স্কলার,
ফেঞ্চ বিভাগ, বিশ্বভারতী, শান্তিনিকেতন।

‘Le Pont Mirabeau’ কবিতাটি *Guillaume Apollinaire*-এর (২৬ অগাস্ট ১৮৮০ – ৯ নভেম্বর ১৯১৮) লেখা। ১৯১৩ খ্রীষ্টাব্দে *‘Alcools’* নামক কাব্যগ্রন্থে এই কবিতাটি প্রথম প্রকাশিত হয়। মূল কবিতাটি ফরাসি ভাষায় লেখা। এটি তার বাংলা অনুবাদের একটি চেষ্টা মাত্র।

কথিত আছে, *Apollinaire*-এর সাথে তাঁর বান্ধবী *Marie Laurencin*-এর বিচ্ছেদ ঘটায় এই কবিতাটির জন্ম হয়। কারণ, কোনো একদিন *Mirabeau* সেতু পার হতে গিয়ে *‘Apollinaire’* *‘Marie’* কে প্রথম দেখেছিলেন।

এই কবিতাটি আধুনিক কবিতার একটি নিদর্শন, যেখানে ছোট ছোট লাইন এবং লাইনের পুনরাবৃত্তি কবিতাটিকে এক অন্য মাত্রায় আমাদের সামনে উপস্থাপন করেছে।

মিরাবো সেতুর তলায় সেই নদী বয়ে যায়
আর বয়ে যায় আমাদের ভালোবাসা
আমাদের মনে কি পড়ে
যেমন দুঃখের পর আসে আনন্দ

তেমনই রাত আসে তার সময় মতো
দিন গুলো চলে যায় আমি রয়ে যাই

হাতের উপর হাত রেখে আমরা মুখোমুখি
আমাদের হাতের বন্ধন



হাতের বন্ধনের মাঝে
আমাদের সেই অকৃত্রিম ভালোবাসা
মাঝে শুধু অবিশ্রান্ত জলের ঢেউ

তেমনই রাত আসে তার সময় মতো
দিন গুলো চলে যায় আমি রয়ে যাই

নদীর জলের মতোই ভালোবাসা চলে যায়
থেমে থাকে না
যেমন আমাদের জীবন ধীর গতিতে চলে যায়
এরই মাঝে রয়ে যায় এক অদম্য আশা

তেমনই রাত আসে তার সময় মতো
দিন গুলো চলে যায় আমি রয়ে যাই

দিন যায় সপ্তাহ যায়
কিন্তু সময় ফিরে আসে না
আসে না ভালোবাসা
শুধু মিরাবো সেতুর তলায় সেই নদী বয়ে যায়

তেমনই রাত আসে তার সময় মতো
দিন গুলো চলে যায় আমি রয়ে যাই